# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি প্রেরণকারী একমাত্র সরকারি প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
ফোন: ৪৮৩১৭৫১৫, ০১৭৬৫৪১১৬৫৩
ইমেইল: info@boesl.gov.bd, ওয়েবসাইট: www.boesl.gov.bd

নং-৪৯.০২.০০০০.০০৬.০১.০৪২.২৬-২৪০ তারিখ: ২৫.০৮.২০২৬

## ইপিএস কর্মসূচির আওতায় রুট ইন্ডাস্ট্রি খাতে ৮০ (আশি) জন পুরুষ দক্ষ ওয়েল্ডিং ও মোল্ডিং প্রার্থীকে রোস্টারভুক্তির লক্ষ্যে কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইন প্রাথমিক নিবন্ধন বিজ্ঞপ্তি

দক্ষিণ কোরিয়ায় চাকরি প্রত্যাশীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কোরিয়া প্রজাতন্ত্রের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের (MoU) ভিত্তিতে এমপ্লয়মেন্ট পারমিট সিস্টেম (ইপিএস) কর্মসূচি বাস্তবায়িত হয়ে আসছে। উক্ত কর্মসূচির আওতায় কোরিয়ান ভাষা দক্ষতা, শারীরিক সক্ষমতা এবং অন্যান্য নির্ধারিত যোগ্যতা বিবেচনা করে কোরিয়া প্রজাতন্ত্রের হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট সার্ভিস অব কোরিয়া (এইচআরডি কোরিয়া) যোগ্য প্রার্থীদের চাকরি প্রাপ্তির লক্ষ্যে জব রোস্টারে অন্তর্ভুক্ত করে। পরবর্তীতে কোরিয়ান নিয়োগদাতার কর্মী নিয়োগের চাহিদার ভিত্তিতে কোরিয়া প্রজাতন্ত্রের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ জব সেন্টারসমূহ জব রোস্টারে অন্তর্ভুক্ত প্রার্থীদের মধ্য থেকে দৈবচয়ন (Random Selection) পদ্ধতিতে ১:৩ অনুপাতে প্রার্থীদের তথ্য সংশ্লিষ্ট নিয়োগদাতার নিকট উপস্থাপন করে। সংশ্লিষ্ট নিয়োগদাতা তার প্রয়োজন, চাহিদা ও পছন্দ অনুযায়ী ৩ জন থেকে ১ জন কর্মী নির্বাচন করে থাকেন। বিদ্যমান নীতিমালা অনুযায়ী, জব রোস্টারে অন্তর্ভুক্ত হওয়ার পর নির্ধারিত মেয়াদের মধ্যে কোনো প্রার্থী চাকরির সুযোগ লাভ করতে না পারলে তার নাম স্বয়ংক্রিয়ভাবে রোস্টার থেকে বাতিল (Delete) হয়। **কোরিয়ান ভাষা পরীক্ষা অংশগ্রহণে নিবন্ধন, উত্তীর্ণ ও জব রোস্টার অন্তর্ভুক্তি চাকরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না; বরং এটি চাকরি প্রাপ্তির জন্য প্রার্থী নির্বাচনের একটি অংশ। এই নিয়ম শুধু বাংলাদেশের জন্য নয়। দক্ষিণ কোরিয়া সরকার নির্ধারিত ১৭টি দেশ থেকেই একই নিয়ম ও শর্ত অনুসরণ করে প্রার্থী নির্বাচন ও কর্মী নিয়োগ করে থাকে।**

**২। প্রার্থীর যোগ্যতা ও অযোগ্যতার শর্তাবলি—**

- কোরিয়ান ভাষা পড়া, লেখা ও বোঝার মৌলিক পারদর্শিতা থাকতে হবে;
- ওয়েল্ডিং খাতে ওয়েল্ডিং প্রশিক্ষণ সনদ এবং মোল্ডিং খাতে মোল্ডিং প্রশিক্ষণ সনদ থাকতে হবে;
- ওয়েল্ডিং খাতে বাস্তব কাজের অভিজ্ঞতার সনদ এবং মোল্ডিং খাতে কাজের অভিজ্ঞতার সনদ থাকতে হবে;
- বয়স ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে (জন্ম তারিখ ১৯৮৬-০৯-০৩ থেকে ২০০৮-০৯-০২ তারিখের মধ্যে হতে হবে;
- পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ০৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত বৈধ ও হালনাগাদ থাকতে হবে;
- পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্রে উল্লেখিত নাম, জন্ম তারিখ এবং ছবির মধ্যে সামঞ্জস্য থাকতে হবে;
- 3D (Dirty, Difficult and Dangerous) প্রকৃতির কাজ করার মানসিকতা ও আগ্রহ থাকতে হবে;
- কালার ব্লাইন্ডনেস (Color Blindness) বা রঙ শনাক্তকরণে কোনো সমস্যা থাকা যাবে না;
- পোশাক-পরিচ্ছদ, আচার-আচরণ ও কথোপকথনে শালীনতা ও পেশাদারিত্ব বজায় রাখতে হবে;
- মাদকাসক্ত/সিফিলিস শনাক্ত ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
- ফৌজদারি অপরাধে জেল বা অন্য কোনো শাস্তিপ্রাপ্ত ব্যক্তিরা অযোগ্য বলে বিবেচিত হবেন;
- দক্ষিণ কোরিয়ায় অবৈধভাবে অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
- দেশ ত্যাগে নিষেধাজ্ঞা আছে এমন ব্যক্তিগণ অযোগ্য বলে বিবেচিত হবেন;
- ই-৯ বা ই-১০ ভিসায় কোরিয়াতে ৫ বছরের বেশি অবস্থানকারীগণ অযোগ্য বলে বিবেচিত হবেন এবং
- **বর্তমানে রোস্টারভুক্ত প্রার্থী এবং ২০২৬ সালের কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের উদ্দেশ্যে চূড়ান্ত নিবন্ধন সম্পন্নকারী প্রার্থীরা অযোগ্য বলে বিবেচিত হবেন। কারণ, EPS ব্যবস্থাপনার সার্ভারে একই পাসপোর্ট নম্বর ব্যবহার করে দ্বিতীয়বার জব রোস্টারে অন্তর্ভুক্ত হওয়া অথবা কোরিয়ান ভাষা পরীক্ষা অংশগ্রহণে পুনরায় নিবন্ধনের কোনো সুযোগ নেই।**

**৩। নিবন্ধনের শর্তাবলি—**

- নিবন্ধন কার্যক্রম স্বচ্ছ, সুষ্ঠু ও প্রযুক্তিনির্ভরভাবে সম্পাদনের লক্ষ্যে বোয়েসেল পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী অনলাইন নিবন্ধন ফি ৫০০ (পাঁচশ) টাকা নির্ধারণ করা হয়েছে। এই ফি পরিশোধের মাধ্যমে একজন প্রার্থী ঘরে বসেই অনলাইনে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। সমগ্র অনলাইন নিবন্ধন কার্যক্রমটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর সার্বিক কারিগরি সহযোগিতায় পরিচালিত ও বাস্তবায়িত হয়ে থাকে।

- কোরিয়ান ভাষা পরীক্ষা ও ওয়েল্ডিং/মোল্ডিং খাতে ব্যবহারিক পরীক্ষা অংশগ্রহণের জন্য প্রাথমিক পর্যায়ে নির্বাচিতদে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে HRD Korea-এর নির্ধারিত কারিকুলাম অনুযায়ী কোরিয়ান ভাষা প্রশিক্ষণের পাশাপাশি সংশ্লিষ্ট ট্রেডভিত্তিক কারিগরি প্রশিক্ষণ প্রদান করা হবে। এ প্রশিক্ষণের জন্য HRD Korea কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ ব্যয় ওয়েল্ডিং খাতে ৫২০ মার্কিন ডলার ও মোল্ডিং খাতে ৫২০ মার্কিন ডলার সমপরিমাণ অর্থ, ও (কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণ ফি ২৮ মার্কিন ডলারসহ) সংশ্লিষ্ট প্রার্থীকেই বহন করতে হবে। উক্ত অর্থ পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হবে।
- দুই সরকারের মধ্যে সম্পাদিত সমঝোতা চুক্তির অনুচ্ছেদ ৬(৬) অনুযায়ী; কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণ বা পরীক্ষায় উত্তীর্ণ ও রোস্টারভুক্তি হওয়া; দক্ষিণ কোরিয়ায় চাকরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না, বরং এটি নিয়োগ প্রক্রিয়ায় প্রার্থী নির্বাচনের একটি অংশ। এ বিষয়ে প্রার্থীদের সুস্পষ্টভাবে অবগত আছে মর্মে প্রাথমিক নির্বাচিত হওয়ার পর নির্ধারিত প্রশিক্ষণের পূর্বে ৩০০ (তিনশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা গ্রহণ করা হবে, যেখানে তারা উক্ত শর্ত সম্পর্কে অবগত থাকার বিষয়টি স্বীকার করবে।

**৪। আবেদন পদ্ধতি—**

এইচআরডি কোরিয়ার চাহিদা মোতাবেক রুট ইন্ডাস্ট্রি খাতে ওয়েল্ডিং (Welding) খাতে ৪০ জন এবং মোল্ডিং (Molding) খাতে ৪০ জনসহ সর্বমোট ৮০ জনকে জব রোস্টারে অন্তর্ভুক্তির জন্য আগ্রহীদের আবেদন গ্রহণ করা হবে। আগ্রহী ও যোগ্য প্রার্থীগণ বর্ণিত শর্তাবলি সাপেক্ষে আগামী ২ সেপ্টেম্বর ২০২৬ সকাল ১০ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত নির্ধারিত পোর্টাল *https://brms.boesl.gov.bd*-এ অনলাইনের মাধ্যমে প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করা যাবে। প্রাথমিক নিবন্ধন সম্পন্নের জন্য নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করতে হবে:

**১ম ধাপ:** প্রার্থীর ব্যক্তিগত তথ্য (Personal Information) ফর্মে প্রয়োজনীয় সকল তথ্য যথাযথভাবে পূরণ পূর্বক সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি আপলোড করতে হবে।

**২য় ধাপ:** Passport Details-এ প্রয়োজনীয় তথ্য পূরণ পূর্বক পাসপোর্টের স্ক্যান কপি আপলোড করতে হবে।

**৩য় ধাপ:** Work Experience অংশে প্রয়োজনীয় তথ্য পূরণ পূর্বক নিম্নোক্ত কাগজপত্র একত্রে একটি PDF ফাইলে (সর্বোচ্চ ১ এমবি) আপলোড করতে হবে:

- জীবনবৃত্তান্ত;
- ওয়েল্ডিং খাতে ন্যূনতম ৩৬০ ঘণ্টার প্রশিক্ষণ সনদের কপি;
- মোল্ডিং খাতে ন্যূনতম ৩৬০ ঘণ্টার প্রশিক্ষণ সনদের কপি;
- ওয়েল্ডিং খাতে বাস্তব কাজের ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতার সনদের কপি এবং
- মোল্ডিং খাতে বাস্তব কাজের ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতার সনদের কপি।

**৪র্থ ধাপ:** Family Details অংশে প্রয়োজনীয় তথ্য পূরণ পূর্বক প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে। প্রাথমিক নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনের নির্ধারিত আবেদন ফি ৫০০/- (পাঁচশ) টাকা এবং প্রযোজ্য মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ (অফেরতযোগ্য) পরিশোধের মাধ্যমে প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে। নিবন্ধন সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা সংযুক্ত রয়েছে।

**৫। প্রার্থী বাছাই প্রক্রিয়া—**

- রুট ইন্ডাস্ট্রি খাতে প্রাথমিক নিবন্ধন সম্পন্নকারী প্রার্থীদের দাখিলকৃত প্রমাণাদি (যেমন: ওয়েল্ডিং, মোল্ডিং ট্রেডে প্রশিক্ষণ ও অভিজ্ঞতার সনদ ইত্যাদি) HRD Korea কর্তৃক মূল্যায়ন (Assessment) করা হবে। একই সঙ্গে আবেদনকারী বর্তমানে EPS জব রোস্টারে অন্তর্ভুক্ত আছেন কি না বা ২০২৬ সালের কোরিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণের উদ্দেশ্যে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করেছেন কি না, তা যাচাই করা হবে। যাচাই শেষে যোগ্য প্রার্থীদের একটি প্রাথমিক তালিকা প্রণয়ন করা হবে।
- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের HRD Korea কর্তৃক কোরিয়ান ভাষায় মৌখিক পরীক্ষা এবং সংশ্লিষ্ট ট্রেড (ওয়েল্ডিং/মোল্ডিং)-এ ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। ব্যবহারিক পরীক্ষার ফি প্রার্থীকে বহন করতে হবে। এসব পরীক্ষার ফলাফলের ভিত্তিতে HRD Korea-এর কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ গ্রহণের জন্য চূড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রত্যেক প্রার্থীকে Trainee Application for Admission এবং Trainee Pledge ফর্ম যথাযথভাবে পূরণ করে সঙ্গে আনতে হবে।
- প্রশিক্ষণ শেষে প্রার্থীদের HRD Korea-এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত কোরিয়ান ভাষা দক্ষতা (UBT) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোরিয়ান ভাষা (UBT) পরীক্ষায় মোট ২০০ নম্বরের মধ্যে ন্যূনতম ১২০ নম্বর প্রাপ্ত প্রার্থী উত্তীর্ণ বলে গণ্য হবেন। কোনো প্রার্থী প্রথমবার উত্তীর্ণ হতে ব্যর্থ হলে তাঁকে পুনরায় উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কেবল একবার সুযোগ প্রদান করা হবে।
- UBT পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের দক্ষিণ কোরিয়া থেকে আগত HRD Korea-এর প্রতিনিধি কর্তৃক সংশ্লিষ্ট ট্রেডে চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উক্ত ব্যবহারিক পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের EPS ব্যবস্থাপনার বিধি অনুসরণ করে জব রোস্টারে অন্তর্ভুক্ত করা হবে।
- **উল্লেখ্য, কোনো প্রার্থী প্রশিক্ষণ বা পরীক্ষার যেকোনো ধাপে অনুত্তীর্ণ হলে ইতোমধ্যে পরিশোধিত ট্রেড টেস্ট ফি, কোরিয়ান ভাষা পরীক্ষা অংশগ্রহনের ফি, প্রশিক্ষণ ফি ফেরত প্রদানের কোনো সুযোগ নেই।**

৬। **পরীক্ষা সময়সূচি (সম্ভাব্য)**—

- **পরীক্ষা কেন্দ্র:** বোয়েসেল, অফিস, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০;
- **আবেদনের ধরন:** অনলাইনের মাধ্যমে (https://brms.boesl.gov.bd);
- **মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার্থীর সম্ভাব্য তালিকা প্রকাশ:** ১৪ সেপ্টেম্বর ২০২৬;
- **ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা:** ১৯ সেপ্টেম্বর ২০২৬ ও ২০ সেপ্টেম্বর ২০২৬;
- **চূড়ান্ত ফলাফল:** ২৪ সেপ্টেম্বর ২০২৬;
- **ফি প্রদান:** এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত ফি জমা ২৮ সেপ্টেম্বর ২০২৬;
- **প্রয়োজনীয় ওয়েল্ডিং ও মোল্ডিং প্রশিক্ষণ:** ০১ অক্টোবর ২০২৬;
- **প্রয়োজনীয় কোরিয়ান ভাষা প্রশিক্ষণ:** ০১ অক্টোবর ২০২৬;
- **কোরিয়ান ভাষা পরীক্ষা :** ২৭ নভেম্বর ২০২৬ বা এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত তারিখ;
- **স্কিল অ্যাসেসমেন্ট:** ফেব্রুয়ারি ২০২৭ বা এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত তারিখ;
- ইপিএস টপিক ওয়েবসাইট (http://www.epstopik.hrdkorea.or.kr) এবং
- বোয়েসেল নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.boesl.gov.bd)

৭। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে কোনো প্রার্থী নিবন্ধন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে নিবন্ধনের কোনো সুযোগ প্রদান করা হবে না। এ বিষয়ে কোনো প্রকার আবেদন, সুপারিশ, তদবির বা বিশেষ বিবেচনার কোনো সুযোগ নেই।।

**বি.দ্র.**—

- বাংলাদেশ সরকার ও দক্ষিণ কোরিয়া সরকারের মধ্যে সম্পাদিত চুক্তির শর্তানুযায়ী আবেদন/নিবন্ধনের ক্ষেত্রে কোনো তথ্য গোপন করা, মিথ্যা তথ্য প্রদান, জাল বা ভুয়া তথ্য-উপাত্ত দাখিল কিংবা প্রতারণার আশ্রয় গ্রহণ করলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এছাড়া, সংশ্লিষ্ট প্রার্থীকে তার পাসপোর্ট নম্বরের ভিত্তিতে ৩ (তিন) বছরের জন্য ইপিএস কর্মসূচি থেকে কালো তালিকাভুক্ত (Blacklist) করা হবে। ফলে তিনি পরবর্তী ৩ বছর ইপিএস-এর আওতাধীন কোনো কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ পাবেন না।
- উল্লেখ্য, এই নিবন্ধন, প্রশিক্ষণ ও নির্বাচন প্রক্রিয়া কোনোভাবেই চাকরির নিশ্চয়তা প্রদান করে না। বিজ্ঞপ্তি, নিবন্ধন, নির্বাচন বা নিয়োগ-সংক্রান্ত যে কোনো বিষয় সংশোধন, স্থগিত, বাতিল বা প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

Bangladesh Overseas Employment & Services Ltd. Dhaka Bangladesh (BOESL)

২৫/০৬/২৫

**কোম্পানি সচিব**
**বোয়েসেল।**

[Appendix 1 Form]

| Registration Number: | Trainee Application for Admission | Name of Training Course: Skills Training for Root Industry Occupation |
|---|---|---|

| Name | | Gender | □M / □F | Passport Photo (3.5cm× 4.5cm) |
|---|---|---|---|---|
| Date of Birth | | Marital Status | □Married / □Single | |
| Passport No. | | Age | years old | |
| Address | Postal Code (          ) | | | |

| Contact No. | Tel. No. | | E-mail | |
|---|---|---|---|---|
| Emergency Phone No. | Name (Relation) | | Tel. No. | |

| Final School Education | School Name | Education Period | Major (in detail) |
|---|---|---|---|
| | | | |
| | | | |

| Certifications and Licenses | Certificate Name | Work Level and Details |
|---|---|---|
| | | |
| | | |

| Working Experience | Company Name | Period of Employment | Position and Work |
|---|---|---|---|
| | | | |
| | | | |

| Korean Language Proficiency | High | Middle | Low |
|---|---|---|---|
| | | | |

| Eligibility Self-diagnosis (Mark "○" to the Corresponding Items) | EPS-TOPIK Application Eligibility Self-diagnosis ("May Apply" if Corresponding to All the Items) | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | Type | Age Range (18 – 39) | No Limitations to Departure | No Color Amblyopia | Less than 5 years of staying in Korea after adding E-9 and E-10 staying period | No abnormal findings in medical examination (tuberculosis, syphilis, hepatitis, etc.) |
| | Corresponding Status | | | | | |

| Supporting Documents Submission Status (Mark "○" to the Corresponding Items) | Submission Status of Supporting Documents in the Related Field (Welding) (If the supporting documents are not submitted, major, certifications, career, and other recorded matters will not be recognized.) | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | Type | Certificate of Graduation | Vocational Training Completion Certificate | Certificate of Career | TOPIK Certificate | National Qualification Certificate |
| | Submission Status | | | | | |

**I hereby certify that the above records are true, and vow to take full responsibility if any item was falsified.**

MM DD, 20OO

Name of Applicant (Signature)

**Dear Principal ○○○○ of Vocational Training Institute**

<Cutting Line>

| Trainee Identification Slip for Admission Application | | Passport Photo (3.5×4.5cm) |
|---|---|---|
| ① Name | | |
| ② Passport (ID Card No.) | | |
| ③ Registration No. | | |
| ④ Interview Place and Time | Refer to the date recorded in the notice and the website of the sending agency for the place and time of the interview | |

**I hereby confirm that the trainee application for admission was received as above.**

MM DD 20 (Seal of the Receiving Organization)

※The subjects for training are selected via document review and interview. Only those who pass the document review will have a chance for an interview, and the subjects for interviews should bring their identification slips to their interviews.

※If you are selected as a training subject, you must complete the training and pass the EPS-TOPIK test to obtain qualifications for employment in Korea.

※ The registration number is generated by combining the corresponding year-application place-application order. (For example, the registration number of a person who applied third in Hanoi (01) is 2024-01-003, and the registration number of the person who applied fifth in Ho Chi Minh (02) is 2024-02-005.)

[Appendix 2] Trainee Pledge

# Trainee Pledge

| Name | | Passport No. (ID Card No.) | |
|---|---|---|---|
| Address | | Tel. No. | |

I, as a trainee of the specialized skills training course for Root Industry occupation, pledge to faithfully conduct the following articles.

1. I will not commit any fraudulent acts such as providing money or valuables, or tre atments for the selection of trainees, and do my best to be selected as a trainee fai rly through competition in good faith with other trainee applicants.
2. After entering the training course, I will fulfill my duty as a trainee and faithfully undergo training to develop my skills level.
3. Based on the basic intention of the training course, I will do my best to acquire skills for employment in Korea.
4. I will comply with the school rules, obey the orders given by the training instructors, and cooperate to create an academic atmosphere.
5. I will always maintain the surrounding environment of training facilities clean, treat the facilities and equipment well, and maintain order as a civilized citizen in using the auxiliary facilities.
6. I will not commit illegal and unjust actions such as using proxies to sign for me in the attendance sheet, or cheating in evaluation of training completion and EPS-TOPIK.
7. I will take full responsibilities for not being able to enter Korea due to not completing the training accountable to me, failing the EPS-TOPIK, being caught cheating, dropping out in the middle of training, and other reasons, and will not raise objections or request any refunds for the training costs.

MM DD, 20OO

Pledger: (Seal or Signature)

Dear Principal of ○○○ Vocational Training Institute